

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল সংযোজন কর]
আদেশ

তারিখ : ০৭ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ২২/মূসক/২০১৯।—যেহেতু, Fael Khair Program in Bangladesh এর অর্থায়নে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংকে (আইডিবি) এর পরিচালনায় “ফ্রেন্ডশিপ” একটি বেসরকারি ইসলামী মূল্যবোধ ও ঐতিহ্য ধারণকারী কল্যাণমূলক, অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং এটি বাংলাদেশের নদী বিধৌত প্রত্যন্ত চরাঞ্চলে জনকল্যাণমুখী বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালন করিয়া থাকে যাহার মধ্যে স্বাস্থ্য-সেবা, শিক্ষা, দুর্যোগ ব্যবস্থাপনা ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ড অন্যতম; এবং

যেহেতু, উপকূলবর্তী এলাকাসমূহের অবহেলিত ও হতদরিদ্র জনগোষ্ঠীর বিনামূল্যে চিকিৎসা-সেবা প্রদানের লক্ষ্যে “Fael Khair Program in Bangladesh” এর অর্থায়নে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক এর তত্ত্বাবধানে ‘ফ্রেন্ডশিপ’ কর্তৃক ৫ (পাঁচ) টি ভাসমান হাসপাতাল জাহাজ নির্মাণ ও পরিচালনার কর্মসূচী বাস্তবায়নধীন রয়েছে এই ধরনের জনহিতকর প্রকল্পে ইতঃপূর্বে জাতীয় রাজস্ব বোর্ড হতে অব্যাহতি প্রদান করা হইয়াছিল।

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত চুক্তির আলোকে ইতঃপূর্বের ধারাবাহিকতায় জনস্বার্থে “Fael Khair Program in Bangladesh” এর অর্থায়নে আলোচ্য প্রতিষ্ঠানের বিপরীতে অর্থাৎ “ফ্রেন্ডশিপ” সংস্থা কর্তৃক শুধুমাত্র ৫ (পাঁচ) টি ভাসমান জাহাজ নির্মাণ ও পরিচালনার নিমিত্ত যথাক্রমে: নির্মাণ সংস্থা (সেবা কোড S008.00), যোগানদার (সেবা কোড S039.00), ইঞ্জিনিয়ারিং ফার্ম (সেবা কোড S051.00), কনসালটেন্সি ফার্ম (সেবা কোড S032.00) ও আর্কিটেকচারাল ফার্ম (সেবা কোড S050.00), থেকে গৃহীত সেবার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

(২৬১১৭)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলি :

- (ক) এই অব্যাহতি সুবিধা “Fael Khair Program in Bangladesh” এর অর্থায়নে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এর পরিচালনায় “ফ্রেন্ডশিপ” সংস্থা কর্তৃক শুধুমাত্র ৫ (পাঁচ) টি ভাসমান জাহাজ নির্মাণ ও পরিচালনার নিমিত্তে যথাক্রমে: নির্মাণ সংস্থা (সেবা কোড So০৪.০০), যোগানদার (সেবা কোড So৩৭.০০), ইঞ্জিনিয়ারিং ফার্ম (সেবা কোড So৫১.০০), কনসালটেন্সি ফার্ম (সেবা কোড So৩২.০০) ও আর্কিটেকচারাল ফার্ম (সেবা কোড So৫০.০০), থেকে গৃহীত সেবার ক্ষেত্রে প্রযোজ্য হইবে। অন্যকোন সেবা বা পণ্য সরবরাহ গ্রহণের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবেনা;
- (খ) প্রকল্পের মোট বরাদ্দের মধ্যে ইতোমধ্যেই ব্যয়িত অর্থ ব্যতীত শুধুমাত্র বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ ব্যয়ের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;
- (গ) প্রকল্প কার্য সম্পর্কিত প্রাথমিক কার্যাদেশে উল্লিখিত চুক্তিমূল্য কোনভাবেই পরিবর্তন করা যাইবে না এবং প্রকল্পের শুল্ক-কর বাবদ বরাদ্দকৃত অর্থ অন্যকোন খাতে সমন্বয় বা উপযোজন করা যাইবে না;
- (ঘ) আলোচ্য কার্যক্রম সম্পাদনের বিপরীতে ইতোমধ্যে মূসক পরিশোধিত বা উৎসে কর্তিত হইয়া থাকিলে তাহা রিফান্ড দাবি করা যাইবে না; এবং
- (ঙ) যেইসকল সেবার ক্ষেত্রে আলোচ্য আদেশের আওতায় মূসক অব্যাহতি সুবিধা গ্রহণ করা হইবে তাহার হিসাব প্রকল্প সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে দাখিল করিয়া তৎপরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে অর্থ পরিশোধ করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)।